

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪২.০১৪.৩১.০২.০৩১.২০১৪. ১৩৫১

তারিখঃ ০৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয় : নওগাঁ জেলা পরিষদের নব নির্মিত শিশু পার্ক লীজ/ইজারা প্রদানের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : নওগাঁ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-নজেপ/প্রকৌঃ/০৬-৪৮৯/২০১৫/২০১৭/৪৫৪, তারিখ: ১২/৬/১৭

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নওগাঁ জেলা পরিষদের মাধ্যমে নব নির্মিত জননেতা আব্দুল জলিল শিশু পার্কটি নিম্নবর্ণিত শর্তে লীজ/ইজারা প্রদানের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো:

শর্তসমূহ:

- পিপিআর ২০০৮ এবং এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক জাতীয় দৈনিকে বহুল প্রচারের মাধ্যমে ৫(পাঁচ) বছর মেয়াদে শিশু পার্কটি লীজ/ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করতে হবে;
- শিশু পার্কে স্থাপিত মেরী গো রাউন্ড, হ্যানি সুইং, ওয়াডার হুইল, টুইস্ট, ওয়েস্টার্ন ট্রেন, ভয়েজার বোট, প্যারাদ্রোপার, ফ্রগ জাম্প, বাম্পার কার, ব্যাটারী কার, প্যাডেল বোট ইত্যাদি রাইডসহ শিশু পার্ক পরিচালনার জন্য দরদাতার নূন্যতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- অভিজ্ঞতার প্রত্যয়নপত্র একজন নির্বাহী প্রকৌশলী বা সমপর্যায়ের কর্মকর্তার দ্বারা সত্যায়িত করতে হবে;
- লীজ মানির হার, শিশু পার্ক রক্ষণাবেক্ষণ, ট্যাক্স, ভ্যাট ও বিদ্যুৎ বিল লীজ গ্রহীতা নির্বাহ করবে এবং মেয়াদান্তে শিশু পার্কটি চালু অবস্থায় জেলা পরিষদের নিকট বুঝিয়ে দিতে হবে ইত্যাদি বিষয় সুস্পষ্টভাবে উল্লেখ করে একটি চুক্তি নামা সম্পাদন করতে হবে;


২২/৬/১৭
(জুবাইদা মাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নওগাঁ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, নওগাঁ।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।